

রেজিস্টার্ড নং ডি এ-১

বাংলাদেশ



গেজেট

অতিরিক্ত সংখ্যা
কর্তৃপক্ষ কর্তৃক প্রকাশিত

সোমবার, জুলাই ১৩, ২০১৫

গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
জাতীয় রাজস্ব বোর্ড
[মূল্য সংযোজন কর]
আদেশ

তারিখঃ ১৭ আষাঢ়, ১৪২২ বঙ্গাব্দ/০১ জুলাই, ২০১৫ খ্রিস্টাব্দ

নং ১৩/মূসক/২০১৫—মূল্য সংযোজন কর বিধিমালা, ১৯৯১ এর বিধি ৩৮ এ প্রদত্ত ক্ষমতাবলে, জাতীয় রাজস্ব বোর্ডের ০৫ জুন, ২০১৪ খ্রিঃ তারিখের সাধারণ আদেশ নং ০৩/মূসক/২০১৪ এর নিম্নরূপ অধিকতর সংশোধন করিল, যথা :—

উপরি-উক্ত আদেশের—

(ক) অনুচ্ছেদ ২ এর দফা (১) এ বর্ণিত টেবিলের ক্রম. নং ০৮ এর সংশ্লিষ্ট কলাম (২) এ উল্লিখিত সেবার কোড-এস ০১০.২০ এর অধীন কলাম (৩) এ উল্লিখিত সেবার শিরোনাম অর্থাৎ ‘ভবন নির্মাণ সংস্থা’ এর বিপরীতে কলাম (৪) এ উল্লিখিত ‘মূসক উৎসে কর্তৃকের হার’ এ উল্লিখিত ‘৩%’ সংখ্যা ও চিহ্ন এর পরিবর্তে নিম্নরূপ সংখ্যাগুলি, শব্দগুলি ও চিহ্নগুলি প্রতিস্থাপিত হইবে, যথা:

“ভবন বিক্রয় বা হস্তান্তর বাবদ প্রাপ্ত সমুদয় অর্থের উপর—

(ক) ১-১১০০ বর্গফুট পর্যন্ত শতকরা দশ ভাগ	১.৫%
(খ) ১১০১-১৬০০ বর্গফুট পর্যন্ত শতকরা ষোল দশমিক ছয় ছয় ভাগ	২.৫%
(গ) ১৬০১ বর্গফুট হইতে শতকরা ত্রিশ ভাগ	৪.৫%।”

২। এই আদেশ অবিলম্বে কার্যকর হইবে।

জাতীয় রাজস্ব বোর্ডের আদেশক্রমে

শামীমা আক্তার

দ্বিতীয় সচিব (মূসক অব্যাহতি)।

মোস্তফা কামাল, উপপরিচালক (অতিরিক্ত দায়িত্ব), বাংলাদেশ সরকারি মুদ্রণালয়, তেজগাঁও, ঢাকা কর্তৃক মুদ্রিত।

মোঃ আলমগীর হোসেন (উপসচিব), উপপরিচালক, বাংলাদেশ ফরম ও প্রকাশনা অফিস,

তেজগাঁও, ঢাকা কর্তৃক প্রকাশিত। website: www.bgpress.gov.bd

(৫৭১৩)

মূল্য : টাকা ৪.০০